

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, বগুড়া
জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বকসি বাজার লেন, মালতি নগর, বগুড়া
E-mail: bograpsosk@gmail.com


স্মারক নং- ৪১.০২.১০০০.০০০.০৪.০০৬.১৫-৭০

তারিখ : ২৭ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
১০ এপ্রিল ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয় : মোবাইল থেরাপি সেবা ক্যাম্পেইনে সহযোগিতা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে বিগীতভাবে জানানো যাচ্ছে যে, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীনে জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, বগুড়া জেলায় মোবাইল থেরাপি ভ্যান-০৯ এর মাধ্যমে বিভিন্ন উপজেলায় থেরাপি সেবা ক্যাম্পেইন শুরু করতে যাচ্ছে। আগামী ১৬/০৪/২০২৩খ্রিঃ তারিখ হতে ৩০/০৪/২০২৩খ্রিঃ পর্যন্ত মোট ০২(দুই)টি ক্যাম্পেইনের মাধ্যমে প্রত্যন্ত অঞ্চলের ইউনিয়ন পর্যায়ের প্রতিবন্ধী জনগোষ্ঠীর প্রতিবন্ধিতার মাত্রা ও ঝুঁকি নিরসনের ব্যবস্থাসহ প্রয়োজনীয় সেবা প্রদান করা হবে। প্রদত্ত সেবার আওতায় থাকবে ফিজিওথেরাপি, অকুপেশনাল থেরাপি, স্পিচ এন্ড ল্যাঙ্গুয়েজ থেরাপি, হিয়ারিং টেস্ট, ভিজুয়াল টেস্ট, অটিজম, কাউন্সেলিং ও জনসচেতনতা কার্যক্রম। এই থেরাপি সেবা কার্যক্রমের আওতায় সেবা গ্রহনকারী ব্যক্তিগণকে ক্যাম্পে উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও ইউনিয়ন চেয়ারম্যানগণকে কার্যকরী পদক্ষেপ নিশ্চিতকরণ এবং সেবা প্রদানকালীন দায়িত্ব পালনকারী কর্মকর্তা-কর্মচারী ও মোবাইল থেরাপি ভ্যানের সার্বিক নিরাপত্তা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়কে বিনীতভাবে অনুরোধ করা হলো। ক্যাম্পেইনের সময়সূচী নিম্নোক্ত ছকে দেওয়া হলো।

ক্রঃ নং	তারিখ ও সময় (০৯:০০-০৬:০০)টা	উপজেলা/ইউ,পি এর নাম	মন্তব্য
ক্যাম্প-০১	১৬/০৪/২০২৩ খ্রিঃ	উপজেলা চত্বর, গাবতলী, বগুড়া।	
ক্যাম্প-০২	১৭/০৪/২০২৩ খ্রিঃ		


২০/০৪/২৩
(মর্জিনা আক্তার)

প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা

প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, বগুড়া

ফোন: ০২৫৮৯৯০২৭৮২, ০১৭৩৪-৭৫৫১১১

জেলা প্রশাসক
বগুড়া।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, এ/২, সেকশন-১৪, মিরপুর, ঢাকা-১২০৬।
- ২। উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, বগুড়া।
- ৩। উপজেলা চেয়ারম্যান,, বগুড়া।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার,, বগুড়া।
- ৫। উপজেলা সমাজসেবা কর্মকর্তা,, বগুড়া।
- ৬। মোবাইল থেরাপি ভ্যান মনিটরিং সেল, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর-১৪, ঢাকা-১২০৬।
- ৭।
- ৮। অফিস কপি।